



বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
পার্সোনেল শাখা



স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩৩.০৭.০০০.২০-৭০৫

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭

২৩ জুলাই ২০২০

বিষয়: মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ-এর পরিপত্র নম্বর : ৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০-১৯৯
তারিখ ২১.০৭.২০২০ এর নির্দেশনার প্রেক্ষিতে বিজিএফসিএল-এ কর্মরত কর্মকর্তা-কর্মচারী এবং অফিসে আগত সেবা
গ্রহীতাগণ বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করা সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা কোম্পানির সকল স্তরের
কর্মকর্তা-কর্মচারীগণের অবহিতকরণ এবং অনুসরণ ও প্রতিপালন করার জন্য পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করা হলো।

২৩-৭-২০২০

এ.টি.এম. শাহ আলম

মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর,
বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড
- ২) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
- ৩) উপ-মহাব্যবস্থাপক (সকল)/ব্যবস্থাপক (সকল),
বিজিএফসিএল।

২৩-৭-২০২০

মুহম্মদ গোলাম মোস্তফা

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-১ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০- ১১১

তারিখ : ২১.০৭.২০২০ খ্রি.

পরিপত্র

বিষয়ঃ মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট অফিসে আগত সেবা গ্রহীতাগণ বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করবেন। সংশ্লিষ্ট অফিস কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবেন।

২। সরকারি ও বেসরকারি হাসপাতালসহ সকল স্বাস্থ্য সেবা কেন্দ্রে আগত সেবা গ্রহীতাগণ আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করবেন। সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবেন।

৩। শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির ও গীর্জাসহ সকল ধর্মীয় উপাসনালয়ে মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট পরিচালনা কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

৪। শপিংমল, বিপনিবিতান ও দোকানের ক্রেতা-বিক্রেতাগণ আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করবেন। স্থানীয় কর্তৃপক্ষ ও মার্কেট ব্যবস্থাপনা কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

৫। হাট-বাজারে ক্রেতা-বিক্রেতাগণ মাস্ক ব্যবহার করবেন। মাস্ক পরিধান ব্যতীত ক্রেতা-বিক্রেতাগণ কোন পণ্য ক্রয়-বিক্রয় করবে না। স্থানীয় প্রশাসন, ও হাট-বাজার কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

৬। গণপরিবহনের (সড়ক, নৌ, রেল ও আকাশপথ) চালক, চালকের সহকারী ও যাত্রীদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। গণপরিবহনে আরোহনের পূর্বে যাত্রীদের মাস্ক ব্যবহার করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও মালিক সমিতি বিষয়টি নিশ্চিত করবেন।

৭। গার্মেন্টস ফ্যাক্টরিসহ সকল শিল্প কারখানায় কর্মরত শ্রমিকদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মালিকগণ বিষয়টি নিশ্চিত করবেন।

৮। হকার, রিক্সা ও ভ্যানচালকসহ সকল পথচারীর মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। বিষয়টি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিশ্চিত করবেন।


৯। হোটেল ও রেস্টুরেন্টে কর্মরত ব্যক্তি এবং জনসমাবেশ চলাকালীন আবশ্যিকভাবে মাস্ক পরিধান করবেন। বিষয়টি স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট মালিক সমিতি নিশ্চিত করতে হবে।

১০। সকল প্রকার সামাজিক অনুষ্ঠানে আগত ব্যক্তিদের মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।

১১। বাড়ীতে করোনা উপসর্গসহ কোন রোগি থাকলে পরিবারের সুস্থ সদস্যগণ মাস্ক ব্যবহার করবেন।

১২। এ পরিপত্র বাংলাদেশে বসবাসরত সকলের জন্য প্রযোজ্য।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদক্রমে এ পরিপত্র জারি করা হগে।


২১.০৭.২০২০
(ডাঃ মোঃ শিকুর আহমেদ ওসমানী)
উপসচিব
ফোনঃ-৯৫১১০৭২
hsdph1@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব (সকল):..... মন্ত্রণালয়/বিভাগ।

২। সচিব (সকল):..... মন্ত্রণালয়/বিভাগ।

৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের ও বিতরণের অনুরোধসহ)।